

# আশা'য় মাঠ পর্যায়ে কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

'আশা' বিশ্বের অন্যতম আত্মনির্ভর ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান (MFI) যা সারাদেশব্যাপী বিস্তৃত ৩,০৭৩টি ব্রাঞ্চ ও প্রায় ২৬,০০০ হাজার জন দক্ষ কর্মীর সহায়তায় প্রায় ৭১ লক্ষ ৪৪ হাজার সদস্যকে ক্ষুদ্রঋণ সেবা দিচ্ছে। নিউইয়র্কভিত্তিক বিশ্ববিখ্যাত ফর্বস ম্যাগাজিনের রেটিং -এ ২০০৭ সালে আশা বিশ্বের শীর্ষতম ক্ষুদ্রঋণ প্রদানকারী সংস্থা হিসেবে নির্বাচিত হয়েছে। অত্র প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের ঋণ কার্যক্রমে নিম্নলিখিত পদে নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে কর্মী নিয়োগ করা হবেঃ

| পদের নাম                       | শিক্ষাগত যোগ্যতা               | NID কার্ডে উল্লেখিত<br>জন্মতারিখ অনুযায়ী বয়স   | মাসিক বেতন (টাকা)  |
|--------------------------------|--------------------------------|--|--|
| জুনিয়র লোন অফিসার<br>(জু এলও) | নূন্যতম স্নাতক/ সমমান<br>পাস * | আবেদন সময় সীমা মোতাবেক<br>বয়স সর্বোচ্চ ৩২ বছর। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে-<br>২৩,৯০৯/- এবং স্থায়ী হিসেবে-<br>৩০,২৯৭/- |

\* শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে যে কোন দুটি পাবলিক পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ/শ্রেণি/জিপিএ 2.50 out of 5.00/2.00 out of 4.00 থাকতে হবে।

এক্ষেত্রে উল্লেখ্য যে, MRA এ নিবন্ধিত স্বনামধন্য আর্থিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে নূন্যতম ২ (দুই) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতাধারী ও অন্যান্য নূন্যতম যোগ্যতাধারী প্রার্থীদের নিয়োগ প্রক্রিয়া শেষে সরাসরি "লোন অফিসার (এলও)" পদে নিয়োগ প্রদান করা হতে পারে। এ ধরনের নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে রেফারেন্স যাচাই করা হবে। এলও হিসেবে নিয়োগপ্রাপ্তদের জন্য শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে মাসিক বেতন হবে ২৭,২৪০/- টাকা এবং স্থায়ী হিসেবে মাসিক বেতন হবে ৩৪,১৪৬/- টাকা।

অন্যান্য সুবিধাদিঃ নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে ১ বৎসর শিক্ষানবিশকাল শেষে কর্মমূল্যায়নপূর্বক কর্মসম্পাদন সন্তোষজনক পাওয়া সাপেক্ষে স্থায়ী কর্মী হিসেবে নিয়মিত বেতন কাঠামোভুক্ত করা সহ পি.এফ, গ্র্যাচুইটি, প্রতি বছর বার্ষিক ইনক্রিমেন্ট, দু'টি উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, কর্মী গ্রুপ বেনিফিট ও কর্মী কল্যাণ তহবিলের সুবিধা ইত্যাদি প্রযোজ্য হবে।

আবেদন সংক্রান্ত নির্দেশনাবলীঃ কেবলমাত্র বিজ্ঞাপনে উল্লেখিত জেলার স্থায়ী বাসিন্দা/প্রার্থীগণই আবেদন করতে পারবেন। আগ্রহী ও উপযুক্ত প্রার্থীগণকে আবেদনের সঙ্গে পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত (মোবাইল নম্বর ও ইমেইল আইডি (যদি থাকে) উল্লেখসহ), জাতীয় পরিচয়পত্র ও স্থায়ী ঠিকানা সহ নাগরিকত্ব সনদ এর ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রসিদ ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের ফটোকপি এবং অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ সংযুক্ত করে প্রেসিডেন্ট-আশা বরাবর আগামী ১০/০৬/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে আশা'র সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে। খামের উপর প্রার্থীকে অবশ্যই নিজ জেলা ও পদের নাম লিখতে হবে।

| প্রশাসনিক জেলার নাম ও জেলাভিত্তিক কর্মী<br>চাহিদা সংখ্যা | আবেদনপত্র পাঠানোর ঠিকানা  |
|--|---|
| বরিশাল-৩০জন, বরগুনা-২০জন                                 | আশা বরিশাল বিভাগীয় কার্যালয় (মোবাইল নাম্বার: ০১৭০৪১২১৪৫৭)<br>হোল্ডিং নং-২৯১৩, হযরত শাহপরাণ সড়ক বাঘিয়া, কাশিপুর, বিমানবন্দর থানা,<br>বরিশাল। |
| রংপুর-৫০জন   | আশা রংপুর বিভাগীয় কার্যালয় (মোবাইল নাম্বার: ০১৭০৪১২১৪৬১)<br>পূর্ব পর্যটন মোড় পিটিসি মসজিদের কাছে বাসা নং ৪৬/২ রোড নম্বর ৩ রংপুর।             |
| দিনাজপুর-২৫জন  | আশা দিনাজপুর বিভাগীয় কার্যালয় (মোবাইল নাম্বার: ০১৭০৪১২১৪৬২)<br>ডায়াবেটিস হাসপাতালের পিছনে (ব্লক-১০, প্লট-৩৮) উপশহর, শেখপুরা,<br>দিনাজপুর।    |
| জামালপুর-৩০জন  | আশা টাঙ্গাইল বিভাগীয় কার্যালয় (মোবাইল নাম্বার: ০১৭০৪১২১৪৫৬)<br>বাসা নং- ২৮৫, এস.বি. টাওয়ার, কলেজপাড়া, টাঙ্গাইল সদর-১৯০০, টাঙ্গাইল।          |
| চট্টগ্রাম-৮০জন   | আশা চট্টগ্রাম বিভাগীয় কার্যালয় (মোবাইল নাম্বার: ০১৭০৪১২১৪৫১)<br>বাসা নং-১৭৪/৬২০, রোড নং-০১, জালালাবাদ হাউজিং সোসাইটি, খুলশী, চট্টগ্রাম।       |

মোট জেলা- ৬টি, মোট কর্মী চাহিদা- ২৩৫ জন।

শর্তাবলীঃ প্রার্থীকে অধুমপায়ী ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে সাইকেল/মটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় সংস্থার নিয়মানুযায়ী ১০,০০০/- টাকা জামানত (ফেরতযোগ্য) হিসেবে জমা দিতে হবে। জামানতের বিপরীতে সরকারি ব্যাংকের সঞ্চয়ী হিসাবের হারে লভ্যাংশ দেয়া হবে। উল্লেখ্য, প্রার্থীর স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও কর্মঅভিজ্ঞতাসহ যে কোন তথ্য গোপন করে/জাল সনদ দাখিল করে/অসত্য তথ্য পরিবেশন করে সংস্থায় নির্বাচিত হলে/নিয়োগ পেলে পরবর্তীতে বিষয়টি চিহ্নিত হওয়া মাত্র নিয়োগ বাতিল করা হবে। প্রার্থীতা কিংবা নিয়োগ প্রক্রিয়াকে প্রভাবিত করানোর যেকোন চেষ্টা করা হলে সংশ্লিষ্ট আবেদনকারীর প্রার্থীতা বাতিল সমীপে গণ্য হবে।

“University Grants Commission (UGC) কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় (ক্যাম্পাস/কোর্স/প্রোগ্রাম এর অনুমোদনসহ) থেকে অর্জিত সনদ/ডিগ্রীধারী প্রার্থীদের উপর্যুক্ত প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

(কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদেরকে নির্বাচনী প্রক্রিয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে)

“আশা সকল প্রকার বৈষম্যহীন, অনুদানমুক্ত, আত্মনির্ভর ক্ষুদ্রঋণ ও উন্নয়নমূলক একটি ধূমপানমুক্ত সংস্থা”

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ নম্বরঃ ০০৪৭০-০০৫৩৮-০০১০০

আশা'য় নিয়োগ প্রক্রিয়ায় কোন প্রকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণ করা হয় না।



আশা

আশা টাওয়ার-২৩/৩, বীর উত্তম এ.এন.এম. নূরুজ্জামান সড়ক, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭